মেহেরপুরে দুটি স্কেভেটর পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা

মেহেরপুর সদর উপজেলার বারাকপুর গ্রামে ইটভাটার দুইটি স্কেভেটর পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা।
সোমবার দিবাগত মধ্যরাতের কোনো এক সময় পোড়ানোর এই ঘটনা ঘটে। স্কেভেটরের মালিক হায়াত আলীর ভাগ্নে সুজন আহম্মেদ বলেন, প্রতিদিনের মতো ইটভাটায় স্কেভেটর রেখে রাতে বাড়িতে চলে আসি। সকালের দিকে খবর পাই রাতে স্কেভেটর দুটি আগুন লাগিয়ে পুড়িয়ে দিয়েছে। স্কেভেটর দুটির মুল্য প্রায় ৪০ লাখ টাকা।
এঘটনায় মেহেরপুর সদর থানায় একটি অভিযোগ
দেওয়া হয়েছে।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা
(ওসি) সাইফুল ইসলাম বলেন, একটি লিখিত আবেদন
পাওয়া গেছে। খোঁজ খবর নিয়ে আইনগত ব্যবস্থা
নেওয়া হবে।

মেহেরপুরে কলাগাছ কেটে তসরুপ

ঘাসের জমির সীমানায় (আইল) লাগানো কলার গাছ কেটে তসরুপ করেছে দূর্বৃত্তরা।
মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের বটতলার মাঠে রবিবার (২১ আগষ্ট) দিবাগত রাতের কোনো এক সময় কলা গাছ কাটার এ ঘটনা ঘটে। শ্যামনগর গ্রামের ভুক্তভোগী কৃষক সিরাজুল ইসলাম জানান, আমার ঘাসের জমির আইলে লাগানো বেশকিছু কলাগাছ রাতের আধারে দূর্বৃত্তরা কেটে তসরুপ করেছে। এঘটনায় আইনের আশ্রয় নেবেন বলে জানান তিনি।

কুষ্টিয়ায় শিক্ষকের হাত কাটলেন সন্ত্রাসীরা

কুষ্টিয়ার কুমারখালী বাঁশগ্রাম আলাউদ্দিন আহম্মেদ ডিগ্রি কলেজের অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক তোফাজ্জেল বিশ্বাস (৫২) নামের ব্যাক্তির হাতের কবজি কেটে বিচ্ছিন্ন করে ফেলেছে দূর্বৃত্তরা।

মঙ্গলবার দুপুরের দিকে কুষ্টিয়া সদর উপজেলার বংশীতলা নতুন ব্রিজের উপর এই ঘটনা ঘটে। আহত তোফাজ্জেল বিশ্বাস কুমারখালী বাগুলাট ইউনিয়নের শালঘর মধুয়া এলাকার জালা বিশ্বাসের ছেলে।

এলাকাবাসী সুত্রে জানা যায়, বংশীতলা নতুন ব্রিজের উপর রাস্তার কাজে ব্যবহৃত রোলার মেশিন দাঁড়ানো ছিলো এবং সেই রোলার মেশিনের পিছনে পূর্ব পরিকল্পনা মোতাবেক আগে থেকে প্রায় ১০-১৫ জন অজ্ঞাত লোক লুকিয়ে ছিলো। এসময় অধ্যাপক তোফাজ্জেল তার নিজ বাড়ি শালঘর মধুয়া থেকে কুষ্টিয়া শহরের দিকে আসার পথে বংশীতলা ব্রিজের উপর আসলে দূর্বৃত্তরা তার উপর হামলা চালিয়ে ডান হাতের কবজি কেটে বিচ্ছিন্ন করে ফেলে পালিয়ে যায়। পরে এলাকাবাসীরা ছুটে এসে তাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে চিকিৎসার জন্য কুষ্টিয়া সদর হাসপাতালে নিয়ে যায়।

কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ সাব্বিরুল আলম বিষয়টি নিশ্চিত করে জানান, বাঁশগ্রাম এলাকায় দুই গ্রুপের সংঘর্ষে বংশীতলা এলাকায় এই ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রনে ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে৷